

১/৩১

১২-২

১৯. ২.৩.১৯৭৩

নলছিটির অধিকাংশ মাদ্রাসা কাগজে-কলমে টিকে আছে

মু. মনিরুজ্জামান মুনির, নলছিটি থেকে
নলছিটি উপজেলার বিভিন্ন মাদ্রাসায়
ব্যাপক অনিয়ম-দুর্নীতি এবং শিক্ষার্থী
সংকট বিরাজ করছে। ২৯টি মাদ্রাসা
যেখানে সঠিকভাবে পরিচালিত হচ্ছে না
সেখানে আরও নতুন নতুন মাদ্রাসা
অনুমোদন পাচ্ছে। অধিকাংশ মাদ্রাসা
কাগজ-কলমের মাধ্যমে টিকে আছে।
জানা গেছে, নলছিটিতে ৫টি ফাজিল, ৩টি
আলিম ও ২১টি দাখিল মাদ্রাসা রয়েছে।
এর মধ্যে নলছিটি ইসলামিয়া, কামদেবপুর
ডিএস, ফয়রা, হনুয়া ও তিমিরকাঠি
ফাজিল মাদ্রাসা এবং ফুলহরি, সূর্যপাশা,
গোচরা, ডেবরা, অনুরাগ-পৌরিপাশা,
ওজেডএ ডুট্টো মহিলা দাখিল মাদ্রাসাগুলো
মোটামুটি ভালভাবে পরিচালিত হচ্ছে।
তারপরও এসব মাদ্রাসায় শিক্ষার্থী সঙ্কট
রয়েছে। বাকি মাদ্রাসাগুলোতে বিরাজ
করছে হাজারও অনিয়ম-দুর্নীতি। অনেক
মাদ্রাসায় শিক্ষক-কর্মচারীরা মাসের পর
মাস না গিয়ে বেতন উত্তোলন করেন।
হাতিখালী ফাজিল মাদ্রাসার বিভিন্ন
অনিয়ম-দুর্নীতির কারণে ২৩ জন শিক্ষক-
কর্মচারীর বেতন চার মাস ধরে বন্ধ
রয়েছে। নাম প্রকাশ না করার শর্তে
কয়েকজন মাদ্রাসা প্রধান জানিয়েছেন, দিন
দিন মাদ্রাসা শিক্ষার প্রতি ছাত্রছাত্রীরা
আগ্রহ হারিয়ে ফেলেছে। অনেক মাদ্রাসা

স্কুল ফেল করা শিক্ষার্থীদের ওপর নির্ভর
করে টিকে রয়েছে। খাতায় ছাত্রছাত্রী
দেখানো হলেও প্রকৃতপক্ষে নেই। তাছাড়া
উপবৃত্তির ক্ষেত্রেও ব্যাপক দুর্নীতির আশ্রয়
নেয়া হয়। নলছিটিতে ২৯টি মাদ্রাসা বিধি
মোতাবেক পরিচালিত হচ্ছে না। সেখানে
ইতিমধ্যে আরও ৩টি আলিম মাদ্রাসার
অনুমোদন দেয়া হয়েছে বলে মাদ্রাসা
বোর্ডের রেজিস্ট্রার ড. একেএম ইয়াকুব
হোসেন জানিয়েছেন। আরও ৭/৮টি নতুন
মাদ্রাসা অনুমোদনের অপেক্ষায় রয়েছে
বলে সংশ্লিষ্ট একটি সূত্রে জানা গেছে।
সরকারি বিধিতে রয়েছে ৮ কিলোমিটার
ব্যবধান হবে দুটি মাদ্রাসার মধ্যে। অথচ
নলছিটিতে তালতলা-সুবিদপুর এলাকায় ৮
কিলোমিটারের মধ্যেই ২/৩টি মাদ্রাসা
রয়েছে। মাদ্রাসার সঙ্গে সংশ্লিষ্ট কমিটির
সদস্যরা জানিয়েছেন, ছাত্রছাত্রীর অভাবে
পুরনো প্রতিষ্ঠিত মাদ্রাসাগুলো পরিচালনা
করতেই হিমশিম খেতে হচ্ছে। অনেক
অনিয়ম ও প্রতারণার আশ্রয় নিতে হয়।
তার উপরে নতুন-নতুন মাদ্রাসা প্রতিষ্ঠা
হলে আরও অনিয়ম-দুর্নীতি বৃদ্ধি পাবে।
বিভিন্ন মাদ্রাসার সভাপতির দায়িত্বে
নিয়োজিত উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ
আখতার হোসেন জানান, মাদ্রাসার
অনিয়ম-দুর্নীতিরোধে পদক্ষেপ গ্রহণ করা
হয়েছে।